

মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানিরা বাংলাদেশকে বধ্যভূমি ও পোড়ামাটিতে পরিণত করতে চেয়েছিল
-নৌপরিবহন প্রতিমন্ত্রী

বিরল (দিনাজপুর) ১৪ ডিসেম্বর ২০২৩

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এমপি বলেছেন, মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানিরা বাংলাদেশকে বধ্যভূমি ও পোড়ামাটিতে পরিণত করতে চেয়েছিল। ১৯৭৫ সালের পরবর্তী সময়েও ক্ষমতায় এসে জেনারেলরা এই রাষ্ট্রকে একই অবস্থায় নিয়ে গিয়েছিলেন। বাংলাদেশের মানুষ স্বাধীনতার স্বাদ নিতে পারেননি। আজ আমাদের মুক্তিযোদ্ধারা ৭৫ বছর বয়সে এসে স্বাধীনতার সুখ ও বিজয়ের স্বাদ অনুভব করছেন। এই বদলে যাওয়া বাংলাদেশের রূপকারের নাম হচ্ছে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অতীতের কোন সরকার এই বাংলাদেশের জন্য কিছু করেনি। আজ বাংলাদেশ সমগ্র পৃথিবীর বিশ্বে।

প্রতিমন্ত্রী আজ দিনাজপুরে যথাযথ মর্যাদায় নানান আয়োজনে ১৪ ডিসেম্বর বিরল হানাদার মুক্ত দিবস পালন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

দিনটি উপলক্ষ্যে বিরল উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের আয়োজনে একটি বর্ণাত্য র্যালী শহীদ মিনারের সামনে থেকে বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই জায়গায় এসে শেষ হয়। র্যালীতে অন্যান্যেও মধ্যে অংশগ্রহণ করেন উপজেলা নির্বাহী অফিসার বক্তি শিখা আশা। পরে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স চতুরে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

বিরল উপজেলা সাবেক ডেপুটি কমান্ডার রহমান আলীর সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি বিরল পৌর মেয়র সবুজার সিদ্ধীক সাগর, সাধারণ সম্পাদক রমাকান্ত রায়, যুগ্ম সম্পাদক ও জেলা পরিষদের সদস্য মোশারফ হোসেন, এ্যাড. রবিউল ইসলাম রবি (পিপি), সাংগঠনিক সম্পাদক শফিকুল আজাদ মনি প্রমুখ।

স্বাক্ষরিত/-

মো. জাহাঙ্গীর আলম খান

সিনিয়র তথ্য অফিসার

নৌপরিবহন মন্ত্রণালয়

০১৭১১-৪২৫৩৬৪